



৬ষ্ঠ শ্রেণি

সিইচটি

বিষয়: বাংলা ১ম( চারুপাঠ)

গল্প : তোলপাড়

লেকচার -৪

নম্বর: ১৫

### সৃজনশীল প্রশ্ন

১. ডলি ৬ষ্ঠ শ্রেণিতে পড়ে। সে তার দাদুর কাছে ১৯৭১ সালের নানা ঘটনার কথা শুনেছে। তার মধ্যে একটি হলো ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় ঢাকা থেকে বহু মানুষ জীবন বাঁচাতে ডলিদের গ্রাম দিয়ে বিভিন্ন অঞ্চলে যাচ্ছিল। ডলিদের গ্রাম থেকে এসব মানুষদের জন্য সাহায্য করা হতো। গ্রামের সকলে খাবার, পানি, অসুস্থদের সেবা করে সাহায্য করেছিলো। ডলি তার বন্ধুদের এসব কথা যখনই বলে তখনই তার দাদু ও গ্রামের সকলের জন্য গর্ব হয় ও চোখ আনন্দ-অশ্রুতে ভরে যায়।

- ক) শওকত ওসমানের প্রকৃত নাম কী? ১
- খ) সাবুর বৃকে আশ্চর্য তোলপাড় শুরু হয় কেন? ২
- গ) 'তোলপাড় গল্পের সাবু ও উদ্দীপকের ডলির মধ্যের বৈসাদৃশ্য আছে কী? ব্যাখ্যা কর। ৩
- ঘ) উদ্দীপক ও 'তোলপাড়' গল্পের প্রেক্ষাপট আলাদা হলেও মূল বিষয়বস্তু এক- তোমার মতে যুক্তি দিয়ে বুঝিয়ে দাও। ৪

### ২. সঠিক উত্তরটি খাতায় লিখ: ৫

১) ডিগবাজি কার উল্লেখযোগ্য রচনা?

- ক) আনিসুজ্জামান  
খ) আল মাহমুদ  
গ) সনজীদা খাতুন  
ঘ) শওকত ওসমান

২) জৈতুন বিবি কখন মুড়ি ভেজে দিয়েছেন?

- ক) খুব ভোরে  
খ) বিকেলে  
গ) রাতে  
ঘ) দুপুরে

৩) গাবতলি গ্রাম থেকে সব খবর দুদিন পর পৌঁছায়, কারণ-

i) প্রযুক্তির অভাব

ii) যাতায়াতের অসুবিধা

iii) ঢাকা থেকে অনেক দূরে  
নিচের কোনটি সঠিক?

ক) I

খ) II

গ) II , III

ঘ) I, II

৪) ক্লান্তি নেই কার মাঝে?

ক) বৃদ্ধের

খ) সাবু

গ) জওয়ানের

ঘ) প্রৌঢ়র

৫) সামান্য আতিথেয়তায় সন্তুষ্ট নয় কারা?

ক) গ্রামের মানুষ

খ) বৃদ্ধ

গ) সাবুর মা

ঘ) নারী তিনজন

শিক্ষকের নাম: কাজী শামসাদ বেগম

তারিখ: ১৪/০৫/২০